

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেন্টমেন্ট প্রোগ্রাম (SESIP)  
[www.sesip.gov.bd](http://www.sesip.gov.bd)

স্মারক নং: মাউশি/সেসিপ/১-৮/প্রশাসন/২০১৩/ ৪৮৭

তারিখ: ০৫/০৭/২০১৭ খ্রি।

### অফিস আদেশ


সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেন্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় জেলা শিক্ষা অফিসে নিয়োজিত সহকারী প্রোগ্রামারগণের জন্য পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত নিম্নরূপ কর্মপরিধি (Job Description) নির্ধারণ করা হলো:

- ২.১ জেলা শিক্ষা অফিসারের নিয়ন্ত্রণে ও তত্ত্বাবধানে কর্মরত থেকে দায়িত্ব পালন করা।
- ২.২ জেলা শিক্ষা অফিসের EMIS/ICT সেলের প্রধান হিসেবে দায়িত্ব পালন করা।
- ২.৩ জেলা শিক্ষা অফিসের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নে (যথা: অনলাইন এমপিও, IMS, ISAS ইত্যাদি) জেলা শিক্ষা অফিসার এবং অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদান করা।
- ২.৪ জেলা শিক্ষা অফিসের EMIS/ICT ব্যবস্থা উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং সচল রাখার দায়িত্ব পালন। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার বরাবরে প্রয়োজনীয় সুপারিশ পেশ করা।
- ২.৫ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS'র বিভিন্ন মডিউলে তথ্য হালনাগাদকরণের কাজ তত্ত্বাবধান এবং প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করা।
- ২.৬ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের প্রোগ্রামারের সাথে সমন্বয়ের মাধ্যমে জেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের মাউশি অধিদপ্তরের EMIS এর বিভিন্ন মডিউল এর জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তি নিশ্চিতকরণ, ইউজার আইডি সংরক্ষণ এবং তালিকা মাউশি অধিদপ্তরের EMIS সেলে প্রেরণ করা।
- ২.৭ জেলার শিক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে গবেষণা কর্মকর্তার সাথে যৌথভাবে কাজ করা এবং আইটি বিষয়ক সহায়তা প্রদান করা।
- ২.৮ জেলার প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ এবং রিপোর্ট প্রণয়নের কাজে ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটরের সাথে যৌথভাবে কাজ করা এবং আইটি বিষয়ক সহায়তা প্রদান করা।
- ২.৯ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরকারের বিভিন্ন সংস্থা/প্রকল্প কর্তৃক স্থাপিত আইসিটি ল্যাব (কম্পিউটার ল্যাব) ও আইটি উপকরণ রক্ষণাবেক্ষণের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান। উক্ত প্রতিষ্ঠানগুলির আইসিটি ল্যাবসমূহ পরিদর্শনপূর্বক সমস্যাসমূহ চিহ্নিত করে প্রতিবেদন জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা।
- ২.১০ সংশ্লিষ্ট অঞ্চলের প্রোগ্রামারের সহায়তায় অঞ্চল/জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার নেম ও পাসওয়ার্ড প্রদান নিশ্চিতকরণ এবং ইউজার আইডি এর তালিকা মাউশি অধিদপ্তরের EMIS সেলে প্রেরণ করা।
- ২.১১ মাউশি অধিদপ্তরের EMIS-এর সকল মডিউল নিয়ন্ত্রিত ব্যবহার ও মডিউলসমূহের ব্যবহারের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে সুপারিশসহ মাউশি অধিদপ্তরের EMIS সেলকে অবহিত করা।
- ২.১২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাউশি অধিদপ্তর ও সেসিপসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের ওয়েবসাইটসমূহ প্রতিদিন অবলোকন এবং প্রয়োজনীয় তথ্য জেলা শিক্ষা অফিসারকে অবহিতকরণ।

(চলমান পৃষ্ঠা নং-২)

- ২.১৩ মাউশি অধিদপ্তরের EMIS এর বিভিন্ন মডিউলে তথ্য ও উপাত্ত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কোন কারিগরি সমস্যার সম্মুখীন হলে তা সমাধানে সহায়তা প্রদান করা।
- ২.১৪ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়সূচিরে অর্পিত যে কোন দায়িত্ব পালন করা।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
প্রফেসর ড. এস এম ওয়াইদুজ্জামান  
প্রোগ্রাম পরিচালক/সেসিপ  
ও  
মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: মাউশি/সেসিপ/১-৮/প্রশাসন/২০১৩/

তারিখ: ০৫/০৭/২০১৭ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দ্রঃ আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন)}।
২. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল) ..... অঞ্চল, .....।
৩. উপপরিচালক, প্রশাসন/প্রোগ্রাম/ইকুইটি, সেসিপ, এসপিএসইউ, শিক্ষা ভবন, ঢাকা।
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল) .....।
৬. জেলা শিক্ষা অফিসার, (সকল) .....।
৭. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-১), এসপিএসইউ, সেসিপ, ঢাকা (আদেশটি সেসিপ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সেসিপ, এসপিএসইউ, শিক্ষা ভবন, ঢাকা।
৯. থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল) .....।
১০. সহকারী প্রোগ্রাম পরিচালক, জেলা শিক্ষা অফিস, (সকল) .....।
১১. পিএ টু প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২. সংরক্ষণ নথি।

  
মো: আবু ছাইদ শেখ (অতিরিক্ত সচিব)  
যুগ্ম প্রোগ্রাম পরিচালক

ফ ৯৫৫৩৭১২

e-mail: jpd.sesip@gmail.com